

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালক এর কার্যালয়
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়া।
ই-মেইল : adap_bogra@gmail.com

স্মারক নং - ৩৩.০১.০০০০.৬০৫.১৯.০০৪.২৩-৪১৭

তারিখ : ১৪/১২/২০২৩ খ্রিঃ

বরাবর,
পরিচালক
কৃত্রিম প্রজনন দপ্তর,
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

বিষয় : শ্রান্তি ও বিনোদন ছুটি (ভাতাসহ) ভোগের জন্য আবেদন।

সূত্র : মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের অফিস স্মারক নং-
৩৩.০১.০০০০.১০১.০৮.১০১(৪).২৩-২৯৬০, তারিখ : ১২/১২/২০২৩ খ্রিঃ মোতাবেক।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানাচ্ছি যে, আমার (নিম্নস্বাক্ষরকারী) শ্রান্তি বিনোদন ভাতাসহ ছুটি সম্মানিত মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে (আদেশের কপি সংযুক্ত)। পারিবারিক কারণে আমি আগামী ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৫/০১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটি (ভাতাসহ) ভোগ করতে ইচ্ছুক। উল্লেখ্য, আমার শ্রান্তি ও বিনোদন ছুটি ভোগকালীন সময় অত্র দপ্তরের ডাঃ মোঃ মাসুদুর রহমান, থেরিওজেনোলজিস্ট উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়া এর দায়িত্ব পালন করবেন।

অতএব, মহোদয় সমীপে আবেদন, আমার উল্লেখিত সময়ের শ্রান্তি ও বিনোদন ছুটির অনুমোদনসহ কর্মকর্তা ত্যাগের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সংযুক্ত :


শ্রান্তি ও বিনোদন ছুটি (ভাতা) মঞ্জুরীর আদেশ-০১ কপি।


১৪/১২/২০২৩

(ডাঃ মোঃ সরোয়ার হোসেন)

উপপরিচালক

জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়া।


১৪/১২/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.০৮.১০১(৪).২৩- ২৭৬০

তারিখ: ১২/১২/২০২৩ খ্রিঃ
২৭/০৮/১৪৩০ বঃ

“ অফিস আদেশ ”

১৯৫৯ খ্রিঃ সনের নির্ধারিত ছুটি বিধিমালা ৩ (১) বি (ii) বিধি এবং তৎসহ ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি ও অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ থেকে জারিকৃত ১২/০৭/১৯৯৯ খ্রিঃ তারিখের অম/অবি (বাস্ত-১)/ভাতা-১৬/৯৫-১৭২৬ নম্বর অফিস স্মারক অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরাধীনে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তার নামের পার্শ্বে ৩ নং কলামে বর্ণিত শর্ত মোতাবেক ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ৪নং কলামে উল্লিখিত ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা মঞ্জুর করা হলো।

| নং | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | যে শর্তে ছুটি মঞ্জুর করা হল | মূল বেতন |
|----|--|--|----------|
| ১ | ডাঃ মোঃ সরোয়ার হোসেন উপপরিচালক জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রংপুর। | ১৫/১২/২০২৩ হতে ২৯/১২/২০২৩ অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন | ৬৯,৮৫০/- |
| ২ | জনাব মোঃ আলতাফ হোসেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর। | ০১/০১/২০২৪ হতে ১৫/০১/২০২৪ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন | ৭১,২০০/- |
| ৩ | জনাব মোঃ নূরুল ইসলাম, উপপরিচালক, ভেটেরিনারি পাবলিক হেলথ, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট। | ০১/০১/২০২৪ হতে ১৫/০১/২০২৪ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন | ৬৬,৮৪০/- |
| ৪ | ডাঃ মোঃ হান্নুন অর রশিদ, ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, রাজশাহী। | ০৩/১২/২০২৩ হতে ১৭/১২/২০২৩ অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন | ৬৬,৮৪০/- |
| ৫ | ডাঃ মনোহর চন্দ্র মন্ডল, ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, বাগেরহাট। | ২৪/১০/২০২৩ হতে ০৭/১১/২০২৩ অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন | ৭১,২০০/- |

- (২) উপরোক্ত কর্মকর্তাগণ নিজ নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দায়িত্ব হস্তান্তর করে আলোচ্য ছুটি ভোগ ও ভাতা গ্রহন করবেন।
(৩) শ্রান্তি বিনোদন ভাতা বাবদ ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রাণিসম্পদ অধিদপ্তরের শ্রান্তি ও বিনোদন ভাতা-এর কোড নং- ৩১১১৩২৮ হতে মিটানো হবে।

স্বাঃ/-
(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৩৩.০১.০০০০.১০১.০৮.১০১(৪).২২-২২৬০(৩৪)

তারিখ: ১২/১২/২০২৩ খ্রিঃ
২৭/০৮/১৪৩০বঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ-

১. ডাঃ মোঃ সরোয়ার হোসেন, উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়া।
২. জনাব মোঃ আলতাফ হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর।
৩. জনাব মোঃ নূরুল ইসলাম, উপপরিচালক, ডেটেরিনারি পাবলিক হেলথ, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
৪. ডাঃ মোঃ হানুন অর রশিদ, ডেটেরিনারি অফিসার, জেলা ডেটেরিনারি হাসপাতাল, রাজশাহী।
৫. ডাঃ মনোহর চন্দ্র মন্ডল, ডেটেরিনারি অফিসার, জেলা ডেটেরিনারি হাসপাতাল, বাগেরহাট।
৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাগেরহাট/দিনাজপুর/ বগুড়া।
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষক, সিলেট/রাজশাহী।
৮. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, সিলেট/রাজশাহী।
৯. পরিচালক, কেন্দ্রীয় ডেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১০. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১১. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১২. পরিচালক, সম্প্রসারণ/উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৪. অফিস কপি।

(ডাঃ পল্লব কুমার দত্ত)
উপপরিচালক, প্রশাসন
পক্ষে- মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
স্বাক্ষর